**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 27-03-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনে বাড়ি বাড়ি গিয়ে ভোট গ্রহণ ৩১শে মার্চ থেকে এবং পোষ্টাল ব্যালটে ভোট গ্রহণ তেসরা এপ্রিল থেকে শুরু হবে।**
**(২) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন দেশবাসীকে আশ্বস্ত করেছেন, দেশে লকডাউনের মতো কোনও পরিস্থিতি তৈরি হবে না।**
**(৩) কেন্দ্রীয় সরকার গার্হস্থ্য ব্যবহারের জন্য পেট্রোল এবং ডিজেলের উপর প্রতি লিটারে ১০ টাকা করে কেন্দ্রীয় আবগারি শুল্ক কমিয়েছে।**
**(৪) 'CSRDর' সাম্প্রতিক মূল্যায়নে দেশের মোট ৬৬টি বিদ্যুৎ বিতরণকারী সংস্থার মধ্যে ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড 'এ' গ্রেড অর্জন করেছে।**
**(৫) ছত্তিশগড়-এ খেলো ইন্ডিয়া ট্র্যাইবেল গেমসের তৃতীয় দিনে ত্রিপুরা একটি রৌপ্য সহ আরো দুটি পদক দখল করেছে।**

*******************************************

**Bye-Election :**

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনে বাড়ি বাড়ি গিয়ে ভোট গ্রহণ ৩১শে মার্চ থেকে এবং পোষ্টাল ব্যালটে ভোট গ্রহণ তেসরা এপ্রিল থেকে শুরু হবে। রিটার্নিং অফিসার দেবযানী চৌধুরী জানিয়েছেন, আগামী ৩১শে মার্চ থেকে দোসরা এপ্রিল পর্যন্ত ৮০ উর্দ্ধ ১১৬ জন ভোটার এবং বিশেষভাবে সক্ষম ৬৯ জন ভোটারের বাড়ি বাড়ি গিয়ে ভোটকর্মীরা সংগ্রহ করবেন। কড়া নিরাপত্তার মধ্য দিয়ে ভোট গ্রহনের সময় বিভিন্ন রাজনৈতিক দলের একজন করে প্রতিনিধি সেখানে উপস্থিত থাকবেন। এরজন্য নির্বাচন দপ্তর মোট ৮টি দল গঠন করেছে। তিনি আরো জানান, নির্বাচনের কাজে

নিযুক্ত ভোটকর্মী এবং অন্যান্য কর্মীদের পোষ্টাল ব্যালটের ভোট গ্রহণ করা হবে আগামী তেসরা এবং চৌঠা এপ্রিল। পোষ্টাল ব্যালটে ভোট গ্রহণ করা হবে ধর্মনগরের বীর বিক্রম ইনস্টিটিউশনে। রিটার্নিং অফিসার আরো জানিয়েছেন, আগামী ৯ই এপ্রিল ধর্মনগর উপ-নিবাচনে ভোট গ্রহনের জন্য মোট ৮২টি দল গঠন করা হয়েছে। এরমধ্যে মহিলা ভোট কর্মীদের দল রয়েছে ১৬টি। ভোট গ্রহনের কাজে নজরদারী করার জন্য নির্বাচন কমিশনের ৩ জন পর্যবেক্ষক বর্তমানে ধর্মনগরে অবস্থান করছে। ভোট গ্রহনের কাজে নজরদারীর জন্য ইতিমধ্যে ৮ জন সেক্টর অফিসার নিযুক্ত করা হয়েছে।

*****************************

**All Party Meeting-Bye-Election :**

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনকে সামনে রেখে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে আজ ধর্মনগর থানায় মহকুমা পুলিশ প্রশাসনের উদ্যোগে এক সর্বদলীয় সভার আয়োজন করা হয়। ধর্মনগরের মহকুমা পুলিশ আধিকারিক জয়ন্ত কর্মকার জানান, অবাধ ও শান্তিপূর্ণভাবে উপনির্বাচন সম্পন্ন করার লক্ষ্যে প্রতিটি এলাকায় নিরাপত্তা বাহিনীর টহল চলছে। ইতিমধ্যেই বিভিন্ন এলাকায় সি.আর.পি.এফ, বি.এস.এফ, টি.এস.আর এবং রাজ্য পুলিশ মোতায়েন করা হয়েছে।

*************************

**Finanace Minister :**

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন দেশবাসীকে আশ্বস্ত করেছেন, দেশে লকডাউনের মতো কোনও পরিস্থিতি তৈরি হবে না। আজ সামাজিক মাধ্যমে তিনি বলেন, কেন্দ্রীয় সরকার গার্হস্থ্য ব্যবহারের জন্য পেট্রোল এবং ডিজেলের উপর প্রতি লিটারে ১০ টাকা করে কেন্দ্রীয় আবগারি শুল্ক কমিয়েছে। পশ্চিম এশিয়ার সংকটের পরিপ্রেক্ষিতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এই পদক্ষেপটি ভোক্তাদের মূল্যবৃদ্ধি থেকে সুরক্ষা দেবে বলে কেন্দ্রীয় অর্থমন্ত্রী উল্লেখ করেন।

তিনি আরো উল্লেখ করেন, ডিজেল রপ্তানির উপর প্রতি লিটারে ২১ টাকা ৫০ পয়সা এবং এভিয়েশন টারবাইন ফুয়েলের উপর প্রতি লিটারে ২৯ টাকা ৫০ পয়সা শুল্ক আরোপ করা হয়েছে, যা অভ্যন্তরীণ ব্যবহারের জন্য এই পণ্যগুলির পর্যাপ্ত সরবরাহ নিশ্চিত করবে।

***************************

**LPG :**

কেন্দ্রীয় সরকার রাজ্যগুলির বাণিজ্যিক এলপিজি বরাদ্দ ৭০ শতাংশ পর্যন্ত বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে, যার মধ্যে ২০ শতাংশ বরাদ্দ দেওয়া হবে ইস্পাত, অটোমোবাইল, বস্ত্র এবং অন্যান্য শ্রম-নিবিড় শিল্পগুলিকে। সামাজিক মাধ্যমে এই ঘোষণা করে কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদীপ সিং পুরী বলেছেন, এই পদক্ষেপের লক্ষ্য বাণিজ্যিক এলপিজি সরবরাহ সহজ করা। মন্ত্রী শ্রী পুরি গুরুত্বের সঙ্গে বলেছেন, দেশ সবসময় বৈশ্বিক অনিশ্চয়তার মুখে দৃঢ়তার পরিচয় দিয়েছে এবং ভবিষ্যত চ্যালেঞ্জ মোকাবেলায় সময়োপযোগী পদক্ষেপ নেবে।

**************************

**Mock Poll-Gomati :**

গোমতি জেলায় আসন্ন এডিসি নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সব ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। গোমতি জেলার নির্বাচনী আধিকারিক তথা জেলা শাসক রিঙ্কু লাথের জানিয়েছেন, গোমতি জেলায় আজ ভোট কর্মীদের একদিনের মহড়া অনুষ্ঠিত হয়। রাজর্ষি কলাক্ষেত্রে উদয়পুর মহকুমার দুটি কেন্দ্রের ১০৮টি ভোট গ্রহণ কেন্দ্রের জন্য নিযুক্ত ৭৬০ জন ভোট কর্মী এই মহড়ায় অংশ গ্রহণ করেন।

এদিকে, অমরপুর মহকুমায় এডিসি'র ২টি কেন্দ্রের ৭৯টি ভোট গ্রহণ কেন্দ্রের জন্য নিযুক্ত ৫৫৩ জন ভোটকর্মী আজ অমরপুর আনন্দ ধারা হলে মহড়ায় অংশ গ্রহণ করেন।

করবুক মহকুমার একটি আসনের জন্য নিযুক্ত ৩৬৪ জন ভোটকর্মীর মহড়া অনুষ্ঠিত হয় করবুক মহকুমা শাসক কার্যালয়ে।

***************************

**ADC Election-Holiday :**

আসন্ন এডিসি নির্বাচনে ভোটারদের ভোটদানের সুবিধার জন্য রাজ্য শ্রম কমিশনারের কার্যালয় থেকে আগামী ১২ই এপ্রিল রবিবার এডিসি ভোটের দিন সরকারী কর্মচারী, সরকারী অধিগৃহীত শিল্প সংস্থার কর্মীদের সবেতন ছুটি ঘোষণা করা হয়েছে। এছাড়া সরকারী সংস্থা, সরকার অধিগৃহীত শিল্প সংস্থার ক্যাজুয়াল কর্মী দৈনিক হাজিরার কর্মীদেরও ভোটের দিন সবেতন ছুটি ঘোষণা করা হয়েছে।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**Ram Nabomi-Ayodhya :**

রাম নবমী উপলক্ষে আজ অযোধ্যার রাম মন্দিরে ভগবান শ্রী রামের জন্মবার্ষিকী অত্যন্ত ভক্তিভরে পালিত হচ্ছে। চৈত্র মাসের শুক্লপক্ষের নবমী তিথিতে আয়োজিত এই উৎসবকে ঘিরে গোটা অযোধ্যা শহর উৎসবের আবহে সেজে উঠেছে। উৎসবের আজ অন্যতম প্রধান আকর্ষণ ছিল 'সূর্য তিলক' অনুষ্ঠান। উল্লেখ্য, নবরাত্রির শুরু থেকেই অযোধ্যায় ভজন-কীর্তন ও ধর্মীয় পাঠ চলছে। সব মিলিয়ে, রাম নবমী উপলক্ষে অযোধ্যা এক বিশাল ধর্মীয় মিলনক্ষেত্রে পরিণত হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সংসদ ভবনে তাঁর কার্যালয় থেকে টেলিভিশনের মাধ্যমে ভগবান রামের উদ্দেশে প্রার্থনা করেন এবং অযোধ্যার রাম জন্মভূমি মন্দিরে সূর্য তিলক অনুষ্ঠান প্রত্যক্ষ করেন।

*******************************

**Basanti Puja-Nabami :**

আজ প্রথা মেনে আগরতলার দুর্গাবাড়িতে বাসন্তী পূজার মহানবমী পুজা অনুষ্ঠিত হয়েছে। দেশ ও রাজ্যবাসীর মঙ্গলকামনায় আজ দুর্গাবাড়িতে পুজো দিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য। পূজা উপলক্ষে ভোর থেকেই মন্দির প্রাঙ্গণে ভক্তদের ভিড় লক্ষ্য করা গেছে। প্রত্যেক বছরের মতো এবছরও মহানবমী তিথিতে আগরতলার বিভিন্ন মন্দিরে অন্নভোগের আয়োজন করা হয়।

****************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে মার্চ, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১৩২তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক-এ, শোনা যাবে।

****************************

**TSECL :**

কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রক এবং গ্রামীন বৈদ্যুতিকরণ নিগমের যৌথ উদ্যোগে পরিচালিত 'কনজিউমার সার্ভিস রেটিং অফ ডিসকমের' সাম্প্রতিক মূল্যায়নে দেশের মোট ৬৬টি বিদ্যুৎ বিতরণকারী সংস্থার মধ্যে ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড 'এ' গ্রেড অর্জন করেছে। বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ রাজ্য বিদ্যুৎ নিগমে এই সাফল্যে সন্তোষ প্রকাশ করেছেন।

***************************

**Khelo India Tribals Games :**

ছত্তিশগড়-এ খেলো ইন্ডিয়া ট্র্যাইবেল গেমসের তৃতীয় দিনে ত্রিপুরা একটি রৌপ্য সহ আরো দুটি পদক দখল করেছে। ফলে মোট ছয়টি পদক নিয়ে পদক তালিকায় ত্রিপুরা সপ্তম স্থানে রয়েছে। রাজ্যদলের পক্ষে সাঁতারে মহিলা বিভাগে ৫০ মিটার ফ্রি স্টাইলে তিলোত্তমা জমাতিয়া রৌপ্য ও পুরুষ বিভাগে রিয়াজ ত্রিপুরা ১০০ মিটার বাটার ফ্লাই-এ ব্রোঞ্জ পদক পান।

*****************************************

**Weather :**

ভারতীয় আবহাওয়া বিভাগ আগামী ৩১শে মার্চ রাজ্যের বিভিন্ন জেলায় ৩০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টিপাত ও ২৯শে মার্চ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে। এদিকে, আগরতলায় আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে, আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১.২ ডিগ্রি সেলসিয়াস।

*************************